গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা

এবং

মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২০-জুন ৩০, ২০২১

# সূচিপত্র

পৃষ্ঠা


কর্মসম্পাদন সার্বিক চিত্র ........................................................................................................৩

উপক্রমণিকা........................................................................................................................................৪

সেকশন ১: রূপকল্প (Vision) অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি.........................৫

সেকশন ২: কার্যক্রমের, চূড়ান্ত ফলাফল..........................................................................................৬

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ........................................................৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ....................................................................... ..............১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি............................১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অজনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের সুনির্দিষ্ট চাহিদা...........১২

## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা-র কর্মসম্পাদনের সার্বিক চিত্র।
## (Overview of the Performance of soil Resource development Institute Divisional office, Dhaka)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষৎ পরিকল্পনা:

### সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ।

মৃত্তিকা ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে দেশের ক্রমহ্রাসমান আবাদী জমি ও মৃত্তিকা সম্পদের যৌক্তিক, লাভজনক ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণ প্রধান কাজ। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা বিভাগীয় কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় সমূহের মাধ্যমে বিগত ৩ বছরে ২৮ টি উপজেলার ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা হালনাগাদকরণ, মুদ্রণ ও সঙশ্লিষ্ট উপজেলায় বিতরণ করা হয়েছে। স্থায়ী গবেষণাগার ও ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগার-এ প্রায় ৬১০০ টি মৃত্তিকা নমুনা বিশ্লেষণ করা হয়েছে এবং ৬১০০ টি সার সুপারিশ কার্ড প্রদান করা হয়েছে। মাটির নমুনা সংগ্রহ ও সুষম সার ব্যবাহার বিষয়ে ৬৪০০ জন কৃষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৭৮ টি ইউনিয়নের 'ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা মুদ্রণ করা হয়েছে ৯৫০০ টি 'মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি" এবং ১০০০ টি "সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের পদ্ধতি" বিষয়ক পুস্তিকা বিতরণ করা হয়েছে। দেশের সকল উপজেলায় ডিজিটাল পদ্ধতিতে কৃষকের চাহিত ফসলের জন্য সুষম সার সুপারিশ কার্যক্রম চালু করা হয়েছে

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

মাটির ভৌত গুণাগুন সংরক্ষণ ও ফসলের উত্তম বৃদ্ধির পরিবেশ সৃষ্টির জন্য মাটিতে ৫% জৈব পদার্থ বিদ্যমান থাকা প্রয়োজন কিন্তু দেশের অধিকাংশ কৃষি জমিতে জৈব পদার্থের পরিমাণ ১.৫% এর কম এমনকি কোন কোন এলাকায় ১% এরো কম হওয়া। কৃষক কর্তৃক ফসল উপযোগিতা বিবেচনা না করে একই জমিতে বছরের পর বছর একাধিক ফসল উৎপাদন এবং ফসলের চাহিদা মোতাবেক সুষম সার ব্যবহার না করার কারনে মাটির উর্বরাশক্তি হ্রাস পাওয়া। এলাকা বিশেষে জমিতে লবনাক্ততা/অম্লতার বিস্তৃতি। যত্রতত্র গড়ে োঠা শিল্প কারখানার বর্জ্য শোধনের সঠিক ব্যবস্থাপনা না থাকায় কৃষি জমির দূষণ। সম্প্রতিক কালে গ্রামীণ বসতবাটি, নগরায়ন, শিল্পকারখানা, ইটখোলা এবঙ অন্যান্য অবকাঠামোর বিস্তৃতির কারণে উর্বরা কৃষি জমি অকৃষি জমিতে রূপান্তর। উল্লিখিত বিষয় সমূহে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা এবঙ সরকারি, বেসরকারি কৃষি সংশ্লিষ্ট কর্মী, জনপ্রতিনিধি ও কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিনিয়ত তথ্য-উপাত্ত সৃজন, নবায়ন, বিতরণ এবং প্রশিক্ষণ প্রদান।

### ভবিষৎ পরিকল্পনা

উপজেলা নির্দেশিকা নবায়নের জন্য নিয়মিত উপজেলার মাঠ জরিপ এবং উপজেলা নির্দেশিকা প্রণয়ন কার্যক্রম অব্যাহত রাখা। অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন এর তথ্য-উপাত্ত হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখা। এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান কার্যক্রম জোরদার ও সম্প্রসারণ করা। মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক কৃষি ও কৃষি কর্মিদের প্রশিক্ষণ অব্যাহত রাখা। আইসিটি ব্যবহার সম্প্রসারণের মাধ্যমে সেবা সহজীকরণ এবং অনলাইন সেবার মান বিস্তৃত করা।

### ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- উপজেলা নির্দেশিকা হালনাগাদকরণের জন্য -৮টি উপজেলার মাঠ জরিপ।
- জরিপকৃত উপজেলঅর জন্য হালনাগাদকৃত উপজেলা নির্দেশিকা প্রণয়ন -৮ টি।
- ইউনিয়ন ভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা প্রণয়ন -৩০ টি ইউনিয়ন সহায়িকা।
- স্থায়ী গবেষণাগারে বিশ্লেষণের জন্য মৃত্তিকা নমুনা প্রেরণ -১৯০০ টি।
- ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান -১৬০০টি ।
- মৃত্তিকা ও সার ব্যবস্থাপণা বিষয়ক কৃষক ও কৃষি কর্মিদের প্রশিক্ষণ-প্রশিক্ষণার্থী সংখ্যা -২১০০ জন।
- জেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলা, তথ্য মেলা, ডিজিটাল উদ্ভাবনী মেলা ও কৃষি প্রযুক্তি মেলায় অনলাইন পদ্ধতিতে সার সুপারিস কার্ড প্রদান -১৪০০ টি
- মুজিববর্ষ উপলক্ষে কৃষকদের মাঝে অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন কার্ড বিতরণ-১০ ,০০০টি ।
- কোভিড-১৯ পরিস্থিতিতে কৃষি উৎপাদন জোরদারকরণ এর নিমিত্তে দেশীয় ফল ও বিভিন্ন রকমের সবজি চারা বিতরণ-৩০ ,০০০টি ।

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

এবং

মহপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ..২৯.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিভাগীয় কার্যালয়, ঢাকা-র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি।

### ১.১ রূপকল্প (Vision):

ভূমি ও মৃত্তিকা সম্পদের টেকসই ও লাভজনক ব্যবহার এবং সুরক্ষিত মৃত্তিকা পরিবেশ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

মৃত্তিকা ও ভূমি সম্পদের ইনভেন্টরি তৈরী। ভূমি ও মৃত্তিকা সম্পদের সক্ষমতাভিত্তিক শ্রেণীবিন্যাস। ভূমি ও মৃত্তিকা সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য সেবা গ্রহণকারীর উপযোগী নির্দেশিকা, পুস্তিকা ও সহায়িকা প্রণয়ন। সমিস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপণা। শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নে কৃষি মন্ত্রণায়য়ের আওতাধীন প্রতিষ্ঠান সমুহকে সহায়তা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

১.৩.১ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা এর কৌশলগত উদ্দেশ্য

১. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন ও সংরক্ষণ
২. কৃষক সেবা
৩. ভূমি ও মৃত্তিকা যৌক্তিক ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণে মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর
৪. সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ:

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions)

১.৪.১ উপজেলা ভিত্তিক আকাশচিত্র বিশ্লেষণ এবং আধা বিস্তারিত মাঠ জরিপের কাজ সম্পন্ন করণ।

১.৪.২ কৃষি সম্প্রসারণ এবঙ গবেষণা কর্মীদের জন্য ইপজেলা ভিত্তিক মৃত্তিকা ও কৃষি উন্নয়নের সম্ভাবনা বিষয়ক একটি সহজবোধ্য উপজেলা নির্দেশিকা এবং ইউনিয়ন ভিত্তিক ভূমি, মৃত্তিকা এবঙ সার সুপারিশ সহায়িকা প্রণয়ন।

১.৪.৩ বিভিন্ন জরিপের মাধ্যমে সনাক্তকৃত মৃত্তিকার পারস্পরিক সম্পরক নির্ণয় (Soil Correlation),মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন প্রকার মানচিত্র, প্রতিবেদন প্রণয়ন।

১.৪.৪ বিভিন্ন উপকারভোগী সংস্থার উন্নয়ন প্রকল্প এলাকা এবং গবেষণা খামারের বিস্তারিত/আধা-বিস্তারিত মৃত্তিকা জরিপ।

১.৪.৫ মৃত্তিকার গুণাগুন বিষয়ক তথ্য-উপাত্তা সঠিকভাবে ব্যবহারের জন্য বিভিন্ন স্তরের কৃষি সম্প্রসারণ কর্মী, গবেষণা কর্মী ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান।

১.৪.৫ স্থায়ী মৃত্তিকা গবেষণাগার ও ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) এর মাধ্যমে কৃষকদের মাটির নমুনা পরীক্ষা করে বিশ্লেষণের ফলাফল ও ফসলের চাহিদা অনুযায়ী সুষম সার সুপারিশ কার্ড প্রদান।

## সেকশন-২

### মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সুচক সমুহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ভূমি ও মৃত্তিকা সম্পদ এর র্বিক তথ্য উপাত্তের পর্যাপ্ততা | মুদ্রিত উপজেলা ভিত্তিক ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা (নবায়নকৃত) | সংখ্যা | ৮ | ৬ | ৮ | ৮ | ৮ | বিএআরসি, বারি, ব্রি, বিনা ও ডিএই | এসআরডিঅআই এর বার্ষিক প্রতিবেদন |
| | মুদ্রিত ইউনিয়ন ভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা | সংখ্যা | ৩০ | ৩০ | ৪০ | ৪০ | ৪০ | - | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন |
| | বিতরনকৃত সার সুপারিশ কার্ড | সংখ্যা | ১৬০০ | ১৬০০ | ১৮৫০ | ১৮৫০ | ১৮৫০ | ডিএই | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন |

* সাময়িক অর্জন

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশল উদ্দেশ্য (Strategic Objectivest) | কৌশলগত উদ্দেশের মান (Weight of Strategic Objectives ) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গননা পদ্ধতি (Calculation Mathod) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection ) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ...ত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঢাকা এর কৌশলগত উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | | |
| ...কৃষি ভূ-সম্পদ ...স্থাপনার ...য়ন ও সংরক্ষণ | ৫৫ | ১.১ উপজেলা নির্দেশিকা হালনাগাদ করণের জন্য মাঠ জরিপ। | ১.১.১ জরিপকৃত উপজেলা | সমষ্টি | সংখ্যা | ২৫ | ১০ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ৫ | ৮ | ৮ |
| | | ১.২ হালনাগাদকরণের জন্য উপজেলা নির্দেশিকা প্রণয়ন। | ১.২.১ মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | সমষ্টি | সংখ্যা | ২৫ | ১০ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ৫ | ৮ | ৮ |
| | | ১.৩ ইউনিয়ন ভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা প্রণয়ন। | ১.৩.১ মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩০ | ৩০ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩০ | ৩০ |
| ...কৃষক সেবা | ১০ | ২.১ এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ | ২.১.১ বিতরণকৃত সার সুপারিশ কার্ড। | সমষ্টি | সংখ্যা | ৮ | ১৬০০ | ১৬০০ | ২২৫০ | ২০২৫ | ১৮০০ | ১৫৭৫ | ১৩৫০ | ২২৫০ | ২২৫০ |
| | | ২.২ মুজিব বর্ষ উপলক্ষে কৃষকদের মাঝে সার সুপারিশ কার্ড বিতরণ | ২.২.১ বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ১১০০০ | ১২০০০ |
| | | ২.৩ কোভিড-১৯ পরিস্থিতিতে কৃষি উৎপদন জোরদানকরণ এর নিমিত্তে দেশীয় ফল ও সবজি চারা বিতরণ | ২.৩.১ বিতরণকৃত চারা | সমষ্টি | সংখ্যা | ১ | | ২০০০ | ৩০০০০ | ২৭০০০ | ২৪০০০ | ২১০০০ | ১৮০০০ | ৩২০০০ | ৩৩০০০ |
| ...মি ও ...ার যৌক্তিক ...ভজনক ...র ...তকরণে ...সম্পদ ...ও প্রযুক্তি ...র | ৮ | ৩.১ মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক কৃষক ও কৃষি কর্মীদের প্রশিক্ষণ। | ৩.১.১ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৮৫০ | ১৮৫০ | ১৮৫০ | ১৬৬৫ | ১৪৮০ | ১২৯৫ | ১১১০ | ১৮৫০ | ১৮৫০ |
| | | ৩.২ মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক প্রযুক্তির প্রদর্শনী স্থাপন। | ৩.২.১ আয়োজিত মাঠ প্রদর্শনী | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ১০ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ৯ | ১৪ | ১৪ |
| | | ৩.৩ কৃষক সম্মেলন/মাঠ দিবস এর আয়োজন। | ৩.৩.১ আয়োজিত কৃষক সম্মেলন/মাঠ দিবস | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ১০ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ৯ | ১৪ | ১৪ |
| | | ৩.৪ ওয়ার্কসপ/সেমিনার এর আয়োজন। | ৩.৪.১ আয়োজিত ওয়ার্কসপ/সেমিনার। | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ...সমস্যাক্লিষ্ট ...া ব্যবস্থাপনা | ২ | ৪.১ মাটি ও পানির নমুনা সংগ্রহপূর্বক লবণাক্ততা পরিবীক্ষণ, তথ্য ও উপাত্ত সৃজন এবং বিতরণ | ৪.১.১ মাটি ও পানির লবণাক্ততা পরিবীক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪ | ৪৮ | ৪৮ | ৪৩ | ৩৮ | ৩৪ | ২৯ | ৪৮ | ৪৮ |

## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য trategic ojectives ) | কৌশলগত উদ্দেশ্য মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০২০-২১ (Target value) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (very good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১. দাপ্তরিক ...কাণ্ডে স্বচ্ছতা ... ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | ১.১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | ১.১.১. এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | ১.১.২. এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | ১.২. শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | ১.২.১. মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | ১.৩.১. অবহিতকরণ সভা আয়েজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৪. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | ১.৪.১. অবহিতকরণ সভা আয়েজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৫. তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | ১.৫.১. ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| . কর্মসম্পদনে প্রতিশীলতা ...য়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | ২.১. ই-নথি বাস্তবায়ন | ২.১.১. ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | ২.২ উদ্ভাবনী/ক্ষুদ্রউন্নয়ন উদ্যেগ বাস্তবায়ন | ২.২.১. ন্যূনতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | তারিখ | ২ | ১৫-০২-২১ | ১৫-০৩-২১ | ১৫-০৪-২১ | ১৫-০৫-২১ | - |
| | | ২.৩ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | ২.৩.১. প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | ২.৩.২. ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | ২.৪. এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | ২.৪.১. ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| . আর্থিক ও সম্পদ ...ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | ৩.১ বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ৩.১.১. ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৩.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | ৩.২.১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৩.৩ অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ৩.৩.১. অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | |
| | | ৩.৪. হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে পেরণ | ৩.৪.১. হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-০২-২১ | | |

আমি, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা; মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা; মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, ঢাকা; এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
বিভাগীয় কার্যালয়, ঢাকা।

২৭.০৭.২০২০
তারিখ

মহাপরিচালক
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
প্রধান কার্যালয়, ঢাকা।

২৭.০৭.২০২০
তারিখ

## শব্দ সংক্ষেপ(Acronyms)

| | |
|---|---|
| এসআরডিআই | সয়েল রিসোর্স ডেভলপমেন্ট ইনস্টিটিউট |
| বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| বারি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ব্রি | বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট |
| বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |
| ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার এক্সটেনশন |
| এমএসটিএল | মোবাইল সয়েল টেস্টিং ল্যাবরেটরী |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়কারী কার্যালয় সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিতরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিতরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | | জরিপকৃত উপজেলার | উপজেলা নির্দেশিকা প্রণয়নের জন্য মৃত্তিকা ও ভূ-সম্পাদের তথ্য উপাত্ত সঙগ্রহের লক্ষ্যে সরেজমিনে পর্যবেক্ষণ ও উদ্ভিদ পুষ্টিমান নির্ণয়ের জন্য মৃত্তিকা নমুনা সংগ্রহ। | আঞ্চলিক ও জেলা কার্যালয় | জরিপকৃত উপজেলার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন | |
| ২ | | মুদ্রিত উপজেলা নির্দেশিকা | উপজেলা ভূমি ও মৃত্তিক সম্পদ এর যথাযথ ব্যবাহারের জন্য জরিপকৃত তথ্য-উপাত্ত সম্বলিত পুস্তক। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং উপজেলা নির্দেশিক সেল। | মুদ্রিত উপজেলত্র নির্দেশিকার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৩ | | মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | ভূমি ও মৃত্তিকা সম্পদ এর তথ্য-উপাত্ত কৃষকের নিকট সহজলভ্য করার জন্য ভূমি শেনি ভিত্তিক উপযোগী ফসল ও সার সুপারিশ সম্বলিত পুস্তিকা। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং উপজেলা নির্দেশিক সেল। | মুদ্রিত ইউনিয়ন সহায়িকার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৪ | | বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সুষম সার ব্যবহার করে ফসলের ফলন বৃদ্ধির লক্ষ্যে মৃত্তিকা নমুনা বিশ্লেষিত ফলাফলের ভিত্তিতে সুষম সার সুপারিশ কার্ড প্রণয়ন করে কৃষকদের মাঝে বিতরণ। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং আঞ্চলিক গবেষণাগারসমূহ। | বিতরণকৃত সার সুপারিশ কার্ডের সঙখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৫ | | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | ভূমি ও মৃত্তিকা সম্পদ এর উন্নয়ন ও সংরক্ষণের লক্ষ্যে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে কৃষি কর্মকর্তা ও কৃষককে প্রশিক্ষণ প্রদান। | আঞ্চলিক ও জেলা কার্যালয় | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষকের সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রদিবেদন। | |
| ৬ | | প্রযুক্তি গবেষণা ট্রায়াল | মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তির সম্প্রসারণের জন্য গবেষণা ট্রায়াল প্লট স্থাপন। | আঞ্চলিক ও জেলা কার্যালয় | স্থাপিত প্রযুক্তি ট্রায়ালের সঙখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রদিবেদন। | |

## সংযোজনী-৩: অন্যান্য প্রতিষ্ঠানের / বিভাগের / নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ: প্রযোজ্য নয়।

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা / প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | | ১.২.১, ২.২.১, ২.৩.১, ৩.১.১, ৩.২.১, ৩.৩.১, ৪.১.১ | প্রযুক্তি সম্প্রসারণ, ভেজার সার সনাক্তকরণ, ভ্রাম্যমান মৃত্তিকা গবেষণাগারের মাধ্যেমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ ইত্যাদিতে সহায়তা | তৃণমূল পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জনবল থাকার কারণে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর প্রযুক্তি, সার সুপারিশ সেবা কার্যক্রম, প্রশিক্ষণ ইত্যঅদি কৃষক পর্যায়ে বাস্তবায়ন সহজতর হয়। | টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থায় মন্থরতা দেখা দিতে পারে। ফলে খাদ্য নিরাপত্তায় এর প্রভাব পড়তে পারে। |